শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.৯৯.০৫১.২২- ৮০৮

তারিখ : ৩০ ভাদ্র ১৪২৯
১৪ সেপ্টেম্বর ২০২২

বিষয়: ইউনিয়ন পরিষদ পর্যায়ে অডিট কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নক্রমে ইউনিয়ন পরিষদের আর্থিক ব্যবস্থাপনার প্রকৃত চিত্র সম্বলিত রিপোর্ট প্রণয়নের ক্ষেত্রে তদারকি ও প্রয়োজনীয় সহযোগীতা প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন লোকাল গভর্ণ্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩) এর আওতায় দেশের সকল ইউনিয়ন পরিষদের ২০২১-২২ অর্থ বছরের অডিট কার্যক্রম পরিচালনার জন্য ২২টি প্যাকেজের মাধ্যমে সি এ ফার্ম সমূহের অডিটরদের প্রশিক্ষণ শেষ করে আগামী ১৫/০৯/২০২২ তারিখ থেকে ইউনিয়ন পর্যায়ে অডিট কার্যক্রম শুরু হতে যাচ্ছে। অডিটফার্মসমূহ ২০২১-২২ অর্থবছরের ইউনিয়ন পরিষদের সকল উৎস থেকে প্রাপ্ত অর্থের প্রাপ্তি ও ব্যয় সম্বলিত বার্ষিক আর্থিক বিবরণী নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করবে। প্রতিটি ইউনিয়নে তিন সদস্য বিশিষ্ট একটি অডিট টীম (অডিটর-১ ও অডিটর-২ প্রতি ইউনিয়নে চার দিন এবং অডিট ম্যানেজার-১ জন প্রতি ইউনিয়নে ১দিন ব্যাপী) কাজ করবে এবং ইউপি'র সকল হিসাব সংশ্লিষ্ট রেজিষ্টার/ডকুমেন্ট ছাড়াও ইউপি'র সম্পদ রেজিষ্টার ও এলজিডি/এলজিএসপি-৩ প্রকল্পের আওতায় এবং ১% ভূমি হস্তান্তর কর হতে গৃহীত এবং বাস্তবায়িত স্কীমসমূহসহ, নিজস্ব রাজস্ব এবং অন্যান্য তহবিল দ্বারা বাস্তবায়িত স্কীমসমূহ অডিট করবে। এছাড়া ওয়ার্ড কমিটি ও স্কীম বাস্তবায়ন কমিটির সদস্যদের উপস্থিতিতে বাস্তবায়িত স্কিম সরেজমিন পরিদর্শন করবে।

২। ইউনিয়ন পরিষদ অডিটকালে সংশ্লিষ্ট ইউনিয়নের অর্থ ও ক্রয় সংক্রান্ত স্থায়ী কমিটির সদস্যদের উপস্থিতি বাধ্যতামূলক এবং অডিটরগণ উপস্থিতি'র প্রমাণস্বরূপ স্বাক্ষর গ্রহণ করবেন। ইউনিয়ন পরিষদ অডিটকালে অডিটরগণ উপজেলা পরিষদ হতে ইউনিয়ন সংশ্লিষ্ট টিআর, কাবিখা, উন্নয়ন তহবিল সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ ও পর্যবেক্ষণ করবেন। অডিটরগণের তথ্য প্রাপ্তি নিশ্চিতকল্পে প্রয়োজনে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৬০ অনুচ্ছেদের বর্ণনামতে উপজেলা নির্বাহী অফিসারগণ যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন। অডিটরগণ ইউনিয়ন পরিষদ অডিটের পূর্বে ডিডিএলজি'র দপ্তরে এন্ট্রি মিটিং করে ইউপি পর্যায়ে অডিট কার্যক্রম শুরু করবেন এবং প্রতি ফার্মের অডিট টিম উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরে এন্ট্রি মিটিং করবে। একটি উপজেলার সকল ইউনিয়ন পরিষদের অডিট কার্যক্রম সম্পাদনের পর সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরে এক্সিট মিটিং করতে হবে। এক্সিট সভায় বিজিসিসি'র সদস্য, ইউআরটির সদস্য,সকল ইউপি চেয়ারম্যান, সচিব ও ডিএফ এর উপস্থিতিতে মাঠ পর্যায়ের অডিট সংশ্লিষ্ট Findings আলোচনা এবং কার্যবিবরণী প্রণয়নপূর্বক উপজেলা নির্বাহী অফিসার নিজ দায়িত্বে এক্সিট মিটিং সমাপ্ত করবেন এবং কার্যবিবরণীতে স্বাক্ষর করবেন। অডিট কার্যক্রম নির্বিঘ্নে পরিচালনার স্বার্থে প্রত্যেক অডিট টিম তাদের ছবি এবং তথ্য সম্বলিত অডিট প্রোগ্রাম প্রর্দশন করবেন। প্রয়োজনে এ বিভাগকে অবহিত রেখে ডিডিএলজি এবং ইউএনও এর সাথে সমন্বয় করে অডিট প্রোগ্রাম পরিবর্তন করা যাবে।

৩। জন অংশগ্রহণের মাধ্যমে স্থানীয় পর্যায়ের অগ্রাধিকার ভিত্তিক বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহণ এবং ইউনিয়ন পরিষদ অপারেশনাল ম্যানুয়েল অনুসরণে ঠিকাদারের মাধ্যমে (সরাসরি ক্রয় ও কমিউনিটি ক্রয় ব্যতিত) তা বাস্তবায়ন নিশ্চিত করা যেমন জরুরী, তেমনি দক্ষতা এবং জবাবদিহিতা প্রতিষ্ঠাকল্পে সুষ্ঠুভাবে অডিট কার্যক্রম সম্পন্নকল্পে সার্বিক সহায়তা প্রদান অতীব গুরুতপূর্ণ।

৪। বর্ণিতাবস্থায়, ইউনিয়ন পরিষদ পর্যায়ে অডিট কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে ইউনিয়ন পরিষদের আর্থিক ব্যবস্থাপনার প্রকৃত চিত্র সম্বলিত রিপোর্ট প্রণয়নের ক্ষেত্রে তদারকি এবং প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪/৯/২২

(ড. মহঃ শের আলী)
অতিরিক্ত সচিব
ফোন : ৯৫১৪১৯০
lgup2@lgd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। উপপরিচালক, স্থানীয় সরকার-------------------------------জেলা।
২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)-------------------------উপজেলা---------------------জেলা।

(অ:পৃ:দ্র:)

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.৯৯.০৫১.২২-৮০৪ তারিখ : ৩০ ভাদ্র ১৪২৯ / ১৪ সেপ্টেম্বর ২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। বিভাগীয় কমিশনার (সকল)-----------------------------বিভাগ।
২। জেলা প্রশাসক (সকল)--------------------জেলা।
৩। প্রকল্প পরিচালক, লোকাল গভর্ণ্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩), সিটি সেন্টার, মতিঝিল, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটর (ডিএফ), জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
৯। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)।
১০। অফিস কপি।

১৪/৯/২২

(ড. মহঃ শের আলী)
অতিরিক্ত সচিব